

ভর্তি

নবমের বাদ পড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের সময় বৃদ্ধি

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ২০ সেপ্টেম্বর ২০২৫, ১২: ০৩



মাদ্রাসা শিক্ষা বোর্ড

২০২৪-২৫ শিক্ষাবর্ষে দাখিল নবম শ্রেণির (পরীক্ষা-২০২৬) রেজিস্ট্রেশন থেকে বাদ পড়া শিক্ষার্থীদের অনলাইনে ইলেকট্রনিক স্টুডেন্ট ইনফরমেশন ফরম (ইএসআইএফ) পূরণের রেজিস্ট্রেশনের সময় বাড়ানো হয়েছে। ২১ সেপ্টেম্বর থেকে শুরু হয়ে অনলাইনে রেজিস্ট্রেশনের কার্যক্রম চলবে ১৩ অক্টোবর পর্যন্ত।

গত মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ত্রিষ্টাব্দের নবম শ্রেণির অধ্যয়নরত যেসব শিক্ষার্থীর রেজিস্ট্রেশন থেকে কোনো কারণে বাদ

পড়েছে তাদের, অনলাইনে (ইএসআইএফ) পূরণ রেজিস্ট্রেশনের সময় বাড়ানো হয়েছে। অনলাইনে রেজিস্ট্রেশন করে বিলম্ব ফিসহ জমা দিতে হবে ১৩ অক্টোবরের মধ্যে। তথ্য (ইএসআইএফ) এন্ট্রির সর্বশেষ সময় ১৫ অক্টোবর। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, শুধু বিলম্ব ফি দিয়ে নতুন শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করতে পারবেন। আগে এন্ট্রি করা শিক্ষার্থীর কোনো তথ্য এডিট বা ডিলেট করার সুযোগ থাকবে না।

এর আগে ২৯ আগস্ট পর্যন্ত বিলম্ব ফি ও ৩১ আগস্ট পর্যন্ত ইএসআইএফ পূরণ করে তথ্য এন্ট্রি করার সময় ছিল।

